

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 28-12-2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

১) পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ডষ্টের মনমোহন সিং-এর শেষকৃত্য আজ সম্পন্ন হবে। আকাশবাণী শেষ্যাত্ত্বার ধারা বিবরণী সম্প্রচার করবে।

প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রীর স্মৃতি সৌধ তৈরির জন্য কেন্দ্রীয় সরকার একটি স্থান নির্বাচন করেছে।

২) সরকারি এবং সরকারি সাহায্যপ্রাপ্ত সমস্ত প্রাথমিক বিদ্যালয়ে সেমিস্টার পদ্ধতিতে পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত রাজ্য সরকারের। শিক্ষামহলে এই নিয়ে শুরু হয়েছে বিতর্ক।

৩) ট্র্যাক রক্ষণা-বেক্ষণের জন্য পূর্ব রেলর শিয়ালদা ডিভিশনের দমদম স্টেশনে ডাউন লাইনে আজ রাত সাড়ে ১১-টা থেকে আগামীকাল সকাল সাড়ে ৬-টা পর্যন্ত ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এর জেরে আজ এবং আগামীকাল বেশকিছু লোকাল ট্রেন বাতিল করা হয়েছে।

৪) পুরুষলিয়ার বান্দোয়ানের রাইকার জঙ্গল ছেড়ে বাঘিনী জিনাত আশ্রয় নিয়েছে মানবাজার বনাঞ্চলের ডাঙুড়ি এলাকার সোনাবুরি জঙ্গলে।

৫) হায়দ্রাবাদের গাছিবউলি স্টেডিয়ামে আজ আইএসএল ফুটবলের ম্যাচে ইস্টবেঙ্গল, হায়দ্রাবাদ এফসির মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ডষ্টের মনমোহন সিং-এর শেষকৃত্য পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় আজ সম্পন্ন হবে। নতুন দিল্লিতে কংগ্রেসের সদর দপ্তর থেকে অন্তিম যাত্রা শুরু হবে সকাল সাড়ে ৯টায়। নিগমবোধ ঘাটে তাঁর শেষকৃত্য সম্পন্ন হবে। তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে লোকসভার নেতা সুদীপ বন্দ্যোপাধ্যায় এবং রাজ্যের আইনমন্ত্রী মলয় ঘটক শেষকৃত্যে উপস্থিত থাকবেন।

আকাশবাণীর দিল্লি কেন্দ্র, অন্তিম যাত্রার ধারা বিবরণী সম্প্রচার করবে। এফ এম রেণবো, ইন্দ্রপ্রস্ত, আকাশবাণী লাইভ নিউজ ২৪ ইন্টু সেভন চ্যানেল ছাড়াও সমস্ত আঞ্চলিক কেন্দ্র থেকে রিলে করে শোনানো হবে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক সূত্রে জানানো হয়েছে প্রয়াত প্রধানমন্ত্রীর স্মৃতিসৌধ তৈরির জন্য সরকার একটি স্থান নির্বাচন করেছে। কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খার্গে গতকাল এই মর্মে যে অনুরোধ সরকারের কাছে রেখেছিলেন, তার প্রেক্ষিতে এই সিদ্ধান্ত। কেন্দ্রীয় মন্ত্রিসভাও এই সিদ্ধান্তে সহমত পোষণ করেছে বলে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, শ্রী খাড়গে এবং ডষ্টের সিং-এর পরিবারের সদস্যদের জানিয়েছেন।

কংগ্রেসের সাধারণ সম্পাদক কে সি বেণুগোপাল সমাজমাধ্যমে জানিয়েছেন, আজ সকালে মরদেহ নিয়ে যাওয়া হবে কংগ্রেস দপ্তরে। সেখানে দলীয় কর্মী এবং জনগণ তাঁর প্রতি শেষ শ্রদ্ধা নিবেদন করতে পারবেন। তারপর শুরু হবে শোক যাত্রা।

প্রাক্তন প্রধানমন্ত্রীর মৃত্যুতে সাত দিনের রাষ্ট্রীয় শোক পালন করা হচ্ছে। বাতিল করা হয়েছে সমস্ত সরকারি কর্মসূচী।

কেন্দ্রীয় মন্ত্রিসভা, প্রাক্তন প্রধানমন্ত্রী র প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছে। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত শোক প্রস্তাবে ডষ্টের সিং-এর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে বলা হয়েছে, দেশ একজন বিশিষ্ট রাষ্ট্রনেতা এবং প্রখ্যাত অর্থনীতিবিদ হারালো। জাতীয় জীবনে এই বিশিষ্ট নেতার যথেষ্ট প্রভাব ছিল। তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়ে বৈঠকে দু-মিনিট নীরবতা পালন করা হয়।

গতকালই প্রাক্তন প্রধানমন্ত্রীর বাসভবনে গিয়ে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পুষ্পার্ঘ্য অর্পন করে শ্রদ্ধা জানান।

রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবং রাজ্যপাল সি বি আনন্দ বোসও শোক বার্তায় স্মৃতিচারণ করেছেন।

প্রবীণ কংগ্রেস নেতা প্রাক্তন সাংসদ প্রদীপ ভট্টাচার্য, তাঁর প্রয়াণে গভীর শোক প্রকাশ করে বলেন, এক অন্যন্য সাধারণ ব্যক্তিতের অধিকারী ছিলেন ডক্টর সিং। এক শোক বার্তায় প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার বলেছেন, ডক্টর সিং ছিলেন জ্ঞানের-একে ও সেবার এক উচ্চ স্তর।

সিপিআইএম-এর পক্ষ থেকেও প্রাক্তন প্রধানমন্ত্রীর প্রয়াণে গভীর শোক প্রকাশ করা হয়েছে। দলের পলিটবুরো সদস্য ও রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম শোকজ্ঞাপন করে বলেন, আত্ম প্রচার বিমুখ মনমোহন সিং-এর আমলেই সারে ভর্তুকি, ১-শো দিনের কাজ চালু, খাদ্য নিরাপত্তার মতো জনমুখী কাজ হয়েছিল।

বিশ্ব ভারতীয় প্রাক্তন আচার্য ডক্টর সিং-এর প্রয়াণে পৌষ মেলার বিনোদন মঞ্চের যাবতীয় অনুষ্ঠান বাতিল করা হয়েছে।

নদীয়া জেলার পক্ষ থেকে বন্ধ রাখা হয়েছে ভাষা উৎসব ও মেলা। আজ এটি শুরু হওয়ার কথা ছিল।

আগেই জানানো হয়েছে, ৯২ বছর বয়সে প্রাক্তন প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিং বৃহস্পতিবার সন্ধ্যায় দিল্লির অল ইন্সিটিউট অফ মেডিকেল সাইন্সেসে তিনি শেষ নিঃশ্঵াস ত্যাগ করেন।

ভারতের সংক্ষারমুখী অর্থনীতির জনক মনমোহন সিং দেশের অর্থনীতির আন্তর্জাতিকীকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন। পি ভি নরসীমা রাওয়ের প্রধানমন্ত্রীত্বের সময় তিনি অর্থমন্ত্রকের দায়িত্ব সামলেছেন। ২০০৪ থেকে ২০১৪ এই ১০ বছর কংগ্রেসের

নেতৃত্বাধীন ইউপিএ সরকারের প্রধানমন্ত্রী ছিলেন তিনি। প্রধানমন্ত্রী হিসেবে তাঁর শেষ ভাষনে শ্রী সিং, জনগনকেই সরকারের মূল স্তুতি হিসেবে উল্লেখ করেন।

বিদ্যুৎ পন্ডিত, আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন অর্থনীতিবিদ প্রাক্তন প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিং-এর প্রয়াণে শোকস্তুতি আন্তর্জাতিক মহল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সর্বভারতীয় স্তরে প্রতিযোগিতার ক্ষেত্র তৈরির লক্ষে রাজ্য সরকারি এবং সরকারি সাহায্যপ্রাপ্ত সমস্ত প্রাথমিক বিদ্যালয়ে সেমিস্টার পদ্ধতিতে পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি গৌতম পাল গতকাল সাংবাদিকদের বলেন নতুন পদ্ধতিতে একটি শিক্ষাবর্ষকে দু-ভাগ করে, প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত ছাত্রছাত্রীদের জুন মাসে ৪০ নম্বরের এবং জুলাই থেকে ডিসেম্বরের মধ্যে দ্বিতীয় সেমিস্টারের ৬০ নম্বরের উপরে পরীক্ষা নেওয়া হবে।

২০২৬-এ প্রাথমিকের পাঠ্যক্রমেও বদল আসবে। পাশাপাশি আগামী শিক্ষাবর্ষ থেকে সেমিস্টার পরীক্ষার প্রশ্নপত্র বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাদের পরিবর্তে পর্যবেক্ষণ করবে বলে সভাপতি জানান। সারা রাজ্যে একই প্রশ্নপত্রে পরীক্ষা নেওয়া হবে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ইতিমধ্যেই এই প্রস্তাবে অনুমোদন দিয়েছেন।

উল্লেখ্য উচ্চ মাধ্যমিক স্তরে এই পদ্ধতিতে ইতিমধ্যে পরীক্ষা নেওয়া শুরু হয়েছে।

এই পদ্ধতি চালুর তীব্র বিরোধিতা করেছে এস ইউ সি আই কমিউনিষ্ট। দলের রাজ্য সম্পাদক চন্দ্রীদাস ভট্টাচার্য, গতকাল এক বিবৃতিতে বলেন, প্রথম শ্রেণী থেকে পাস-ফেল চালুর ঘোষণা, শূন্য পদে শিক্ষক নিয়োগ সহ পরিকাঠামো উন্নয়নের কথা বিবেচনা না করে কারিকুলাম অ্যান্ড ক্রেডিট ফ্রেম ওয়ার্ক, প্রাথমিক শিক্ষাকে সম্পূর্ণ ধ্বংসের দিকে নিয়ে যাবে।

অন্যদিকে, শিক্ষানুরাগী ঐক্যমঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী এই সিদ্ধান্তের তীব্র সমালোচনা করে বলেন, হলিস্টিক রিপোর্ট কার্ড যেভাবে দেওয়া হয়েছে, তার সঙ্গে এই ব্যবস্থার কোন মিল নেই। শিক্ষক সংগঠনগুলির সঙ্গে আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত নেওয়া উচিত ছিল। প্রাথমিক শিক্ষায় আধুনিক পরিকাঠামো গড়ে তোলাই সরকারের অগ্রাধিকার হওয়া উচিত বলে তিনি জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আগামী সোমবার সন্দেশখালি যাচ্ছেন। দুপুরে অনুষ্ঠানের মধ্য থেকে বিভিন্ন সরকারি প্রকল্পে ২০ হাজার উপভোক্তার হাতে সহায়তা প্রদানের সূচনা করবেন তিনি। তাঁর এই সন্দেশখালি সফর রাজনৈতিক দিক থেকেও তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে, কারণ গত লোকসভা ভোট পর্বে ওই এলাকায় নারী নির্গতের অভিযোগ নিয়ে সর্বভারতীয় রাজনীতিতে আলোড়ন তৈরি হওয়ার পর এটাই মুখ্যমন্ত্রীর প্রথম সন্দেশখালি সফর।

আগামী দোসরা জানুয়ারী নবান্ন সভাঘরে রাজ্য স্তরের প্রশাসনিক বৈঠকে বসবেন বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। ব্লক থেকে রাজ্যস্তর পর্যন্ত সমস্ত সরকারী জন কল্যাণমূলক প্রকল্পের অগ্রগতি তিনি বৈঠকে খতিয়ে দেখবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

ট্র্যাক রক্ষণাবেক্ষণের কাজের জন্য পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের দমদম স্টেশনে ডাউন সাবার্বান লাইনে আজ রাত সাড়ে ১১-টা থেকে রবিবার ২৯-শে ডিসেম্বর সকাল সাড়ে ৬-টা পর্যন্ত ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এজন্য বেশকিছু ট্রেন বাতিল করা হয়েছে।

আজ শিয়ালদা – ডানকুনির মধ্যে এক জোড়া ইএমইউ লোকাল বাতিল থাকবে।

এছাড়া আগামীকাল শিয়ালদা – বনগাঁ শাখা, হাসনাবাদ, ডানকুনি, কল্যাণী সীমান্ত, শান্তিপুর, কৃষ্ণনগর, নেহাটি সহ কয়েকটি লাইনে বেশকিছু লোকাল ট্রেন বাতিল থাকবে বলে রেল সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব রেলের হাওড়া ডিভিশনের হরিপাল এবং নালিকুল স্টেশনের মাঝে সেতুর কাজের জন্য আজ এবং আগামীকাল ওই সেকশনে ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হচ্ছে। আজ তারকেশ্বর এবং হাওড়া থেকে দুটি করে EMU লোকাল বাতিল থাকবে।

আগামীকাল তারকেশ্বর থেকে ৮ টি, গোঘাট, আরামবাগ, হরিপাল ও সিঙ্গুর থেকে ১ টি করে, এবং হাওড়া থেকে ৯ টি, শেওড়াফুলী থেকে দুটি EMU লোকাল বাতিল থাকবে বলে রেল সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব রেলের বেশকিছু সেকশনে থার্ড ও ফোর্থ লাইন চালু হওয়ায় আগামী পয়লা জানুয়ারী থেকে মোট ১৪৫-টি ট্রেনের সময়সূচী পরিবর্তিত হচ্ছে। এর মধ্যে রয়েছে মেল, এক্সপ্রেস, সুপার ফাস্ট ট্রেন সহ ৪২-টি দুরপাল্লার ট্রেনও।

পূর্ব রেল সূত্রের খবর হাওড়া ও সিঙ্গুরের মধ্যে দুটি লোকালের একটি তারকেশ্বর এবং অন্যটি হরিপাল পর্যন্ত সম্প্রসারিত করা হচ্ছে। আগামী পয়লা জানুয়ারী থেকে পূর্ব রেলের ৮৬-টি প্যাসেঞ্জার, ৪৪-টি ডেমু, ১৪৬-টি মেমু প্যাসেঞ্জার ট্রেন পরিবর্তিত নম্বর নিয়ে চলাচল করবে।

০০০০০০০০০০০০০০০০০০

পুরঙ্গীয়ার বান্দোয়ানের রাইকার গভীর জঙ্গলে আশ্রয় নেওয়া বাঘিনী-জিনাত ওই জঙ্গল ছেড়ে পাড়ি দিয়েছে মানবাজার বনাঞ্চলের ডাঙড়ি এলাকায়। তিনি বছরের বাঘিনিটির এখন আশ্রয়স্থল, সোনাঝুরির জঙ্গলে।

সিমলিপাল থেকে আসা ব্যাষ্ট প্রকল্পের আধিকারিকরা গতকাল সকালে রেডিও সিগনালের মাধ্যমে তার সর্বশেষ অবস্থান জানতে পারেন। বান্দোয়ানের তুলনায় এই অঞ্চলে জনবসতি বেশী হওয়ায়, উদ্বিগ্ন বন্দণ্ডের ব্যাপক তৎপরতা শুরু করেছে। ব্লক

প্রশাসনের পক্ষ থেকে বুরুণ্ডি, বোরো, ধরমপুর ও ডাঙড়ি গ্রামে প্রচার চালিয়ে মানুষকে সাবধান করা হচ্ছে। মহকুমা পুলিশ আধিকারিক বরুণ বৈদ্য'ও এলাকায় গেছেন। যে জায়গায় বাঘীনিটি রয়েছে, যুদ্ধকালীন তৎপরতায় সেখানে জাল দিয়ে ঘিরে দেওয়ার কাজ শুরু করেছেন বনকর্মীরা। এখনো পর্যন্ত আড়াই কিলোমিটারের মতো এলাকা জাল দিয়ে ঘেরা হয়েছে বলে আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

মালদার চাঁচল দু-নম্বর ব্লকের মালতিপুরে আমবাগানের মধ্য থেকে যে অর্ধদফ্ফ মৃতদেহটি উদ্বার হয়, তাঁর পরিচয় এখনো জানা যায়নি। স্থানীয় বাসিন্দাদের অনুমান, মৃতদেহটি কোনো মহিলার। তাঁকে ধর্ষণ ও খুন করে প্রমাণ লোপাটের জন্য পুড়িয়ে দেওয়া হয়। পুলিশ আধিপোড়া দেহের অংশ ময়নাতদন্তে পাঠিয়েছে। ঘটনাস্থলের কাছের বাঁশবাড় থেকে উদ্বার হয়েছে একটি ছুরি।

জেলা পুলিশ সুপার প্রদীপ কুমার যাদব জানিয়েছেন, দেহটি কার, তা' খুঁজে বের করার চেষ্টা চলেছে।

(বাইট- প্রদীপ কুমার)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

তিনি দফা দাবীতে উত্তরবন্দে ‘ফুলবাড়ি বর্ডার ট্রাক ওনার্স অ্যাসোসিয়েশন’, আগামীকাল থেকে ‘আমরণ অনশন’-এর ডাক দিয়েছে। শিলিঙ্গড়ি জার্নালিস্ট ক্লাবে আজ এক সাংবাদিক সম্মেলনে একথা জানানো হয়।

বর্ডার ট্রাক ওনার্স অ্যাসোসিয়েশন ছাড়াও, ফুলবাড়ি এক্সপোর্ট ওয়েলফেয়ার, ড্রাইভার ওয়েলফেয়ার ও CNF অ্যাসোসিয়েশন-এর সদস্যরাও এই অনশনে সামিল হবেন।

তাঁদের দাবী-দাওয়ার মধ্যে রয়েছে- সরকারের যে ‘সুবিধা পোর্টাল’ অ্যাপের মাধ্যমে ভারতীয় সমস্ত ট্রাক ফুলবাড়ি-বাংলাদেশ সীমান্তে যাতায়েত করে, ভুটানের ট্রাকগুলিকেও তার আওতায় নিয়ে আসা, তা না হলে ভারতীয় ট্রাকগুলিকে এর থেকে ছাড় দেওয়া।

১০ চাকার ট্রাক অবৈধভাবে যেভাবে সীমান্ত পেড়িয়ে বাংলাদেশে চলে যাচ্ছে, তা’ বন্ধ করা ও এ’ব্যাপারে প্রশাসনের কাছে জবাবদিহি তলব এবং ভুটানের ট্রাকেরোভারলোডিং বন্ধ করা।

সংগঠনগুলির তরফে আরো অভিযোগ, এই তিনিদফা দাবীতে তারা সাতটি দণ্ডে চিঠি পাঠান, কিন্তু তার কোনরকম উত্তর মেলেনি। সেকারণেই বাধ্য হয়ে তাঁদের এই ‘আমরণ অনশন’-এর সিদ্ধান্ত।

০০০০০০০০০০০০০০০০০০০

সীমান্তে কাঁটাতারের ব্যবস্থা করবে বিএসএফ। এ নিয়ে রাজ্য সরকারের ঘাড়ে দোষ চাপানো ঠিক কাজ নয় বলে মন্তব্য করেন রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুর সভার মেয়র ফিরহাদ হাকিম। পুর ভবনে গতকাল সাংবাদিকদের প্রশ্নের জবাবে ফিরহাদ হাকিম বলেন, নিরাপত্তা আমাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। মুখ্যমন্ত্রী বারবার সে কথা বলেছেন। সে ক্ষেত্রে কাঁটাতারের বেড়া নিয়ে রাজ্যকে দোষারোপ করা সঠিক কাজ নয় বলে মন্তব্য করেন মন্ত্রী ফিরহাদ হাকিম।

(বাইট - ফিরহাদ)

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য পুলিশের এস টি এফ উত্তর ২৪ পরগনার নারায়ণপুর থানা এলাকার মতির পোল বেরাবেরিতে গত বৃহস্পতিবার সন্ধ্যায় এক অস্ত্রপাচারকারীকে গ্রেফতার করেছে। উদ্বার হয়েছে একটি সেমি অটোমেটিক পিস্টল এবং ১০ রাউন্ড তাজাগুলি। ধূত বছর ৪০-

এর মহম্মদ মেহেতাব আলি বিহারের বাসিন্দা। তার বিরুদ্ধে অন্ত আইনে মামলা রঞ্জু হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

হায়দ্রাবাদের গাছিবউলি স্টেডিয়ামে আজ আইএসএল ফুটবলের ম্যাচে ইস্টবেঙ্গল, হায়দ্রাবাদ এফসির মুখোমুখি হবে। খেলা শুরু হবে বিকেল পাঁচটায়। শেষ পাঁচটি ম্যাচের মধ্যে চারটিতে জিতেছে ইস্টবেঙ্গল। অন্যদিকে, শেষ পাঁচটি ম্যাচে হেরেছে হায়দ্রাবাদ। ইস্টবেঙ্গল ১২ ম্যাচে ১৩ পয়েন্ট সংগ্রহ করে ইস্টবেঙ্গল লিগতালিকায় একাদশ স্থানে আছে। হায়দ্রাবাদ সমসংখ্যক ম্যাচে ৭ পয়েন্ট নিয়ে দ্বাদশ স্থানে আছে।

যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে গতকাল আইএসএল ফুটবলে মহামেডান স্পোর্টিং ও ওড়িশা এফ সি, র মধ্যে খেলাটি গোলশূন্যভাবে শেষ হয়েছে। মহামেডান স্পোর্টিং ১৩ ম্যাচে ছয় পয়েন্ট নিয়ে পয়েন্ট তালিকার সবার নিচে রইল। ওড়িশা ১৩ ম্যাচে ২০ পয়েন্ট পেয়ে চতুর্থ স্থানে উঠে এসেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০